গত ১৬ই  অক্টোবর ২০২৩ তারিখে কৃষি মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের অডিটোরিয়ামে "বিশ্ব খাদ্য দিবস ২০২৩" উদযাপিত হয়। এ বছর দিবসটির মূল প্রতিপাদ্য বিষয় ছিল "পানি জীবন, পানিই খাদ্য, কেউ থাকবে না পিছিয়ে"। এই অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের কর্মকর্তা, জাতীয় কৃষি গবেষণা সিষ্টেমের প্রতিষ্ঠান প্রধান, বিজ্ঞানী, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের কর্মকর্তাবৃন্দ, আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার প্রতিনিধি এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। এই অনুষ্ঠানের উদ্বোধনী অধিবেশনে সভাপতিত্ব করেন কৃষি মন্ত্রণালয়ের সচিব ওয়াহিদা আক্তার। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব সাধন চন্দ্র মজুমদার এম.পি., মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়। এছাড়াও এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ ইসমাইল হোসেন এনডিসি, সচিব, খাদ্য মন্ত্রণালয়, Mr. Arnoud Hameleers, FAO Representative ad interim in Bangladesh, ডা. রুদাবা খন্দকার, কান্ট্রি ডিরেক্টর, বাংলাদেশ, গ্লোবাল অ্যালায়েন্স ফর ইম্প্রুভড নিউট্রিশন (GAIN), বাংলাদেশ এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মুহাম্মদ জালাল আহমেদ।






"বিশ্ব খাদ্য দিবস 2023" পালন উপলক্ষ্যে "পানি জীবন, পানিই খাদ্য, কেউ থাকবে না পিছিয়ে" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত্ব করেন ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান (রু.দা.), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রফেসর ড. এম. শাহজাহান মন্ডল, ইনস্টিটিউট অব বন্যা ও পানি ব্যবস্থাপনা ইনস্টিটিউট, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। তিনি তার উপস্থাপনায় প্রধানত তিনটি বিষয় ফোকাস করেছেন, যেমন- পানিই জীবন, পানিই খাদ্য এবং কেউ থাকবে না পিছিয়ে আলোচনা করেন। তিনি বর্ণনা করেন পানি আমাদের জীবনে কীভাবে গুরুত্বপূর্ণ, পানির চাহিদা ও উৎস, পানি দূষণ, পানি ও খাদ্য উৎপাদন, পানির চাহিদা ও সরবরাহ ব্যবস্থাপনা এবং ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার।









এরপর জনাব বাদল চন্দ্র বিশ্বাস, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ইঞ্জি. মোঃ জিয়াউল হক, সাবেক সদস্য পরিচালক (অল্প সেচ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মোঃ জহিরুল হক খান, নির্বাহী পরিচালক, ইনস্টিটিউট অফ ওয়াটার মডেলিং, প্রফেসর ড. ফিরদৌসী নাহার, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় মূল প্রবন্ধের ওপর আলোচনা করেন। তারা মূল প্রবন্ধ উপস্থাপাপকের প্রশংসা করেন। তবে তারা টেকসই খাদ্য নিরাপত্তার জন্য পানির স্বাস্থ্যসম্মত ব্যবহারের ওপর জোর দিয়েছেন। এছাড়াও কৃষিতে সঠিক পানি ব্যবস্থাপনা মাধ্যমে পানি সম্পদ রক্ষার জন্য কাজ শুরু করার জন্য সুপারিশ প্রদান করেন।